গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
www.shed.gov.bd.

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.০৬.০০২.১২-৬৮

তারিখঃ ১৭ চৈত্র ১৪৩০ / ৩১ মার্চ ২০২৪

**প্রজ্ঞাপন**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬.১৩-২৮, ০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬.১৩-২৭ ও ০৫.০০.০০০০.১৭০.০৬.০৩৬.১৩-২৬ সংখ্যক প্রজ্ঞাপনের আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেড, ৭-৯ গ্রেড, ১০-১২ গ্রেড এবং ১১-২০ (পূর্বের তৃতীয় ও চতুর্থ শ্রেণি) গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক নিম্নরূপ কমিটিসমূহ গঠন করা হলো:

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয় ০৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬.১৩-২৮ সংখ্যক পরিপত্রের আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের এবং এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে 'নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি' নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১ | সিনিয়র সচিব/সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সভাপতি |
| ২ | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে) | সদস্য |
| ৩ | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অর্থ বিভাগের প্রতিনিধি হিসেবে) | সদস্য |
| ৪ | দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এবং স্বায়ত্তশাসিত সংস্থার প্রধান (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৫ | সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক. উপসচিব ব্যতীত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন ক্যাডারভুক্ত এবং ক্যাডার বহির্ভূত জাতীয় বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে পদোন্নতি;

খ. বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত মন্ত্রণালয়/বিভাগের অধীন বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে সরাসরি নিয়োগ;

গ. সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে বিভিন্ন স্বশাসিত সংস্থায় স্থায়ীভাবে বদলীকৃত/স্থায়ীভাবে প্রেষণে নিয়োজিত সরকারি কর্মকর্তাগণের বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে পদোন্নতি;

ঘ. সংশ্লিষ্ট আইন/নিয়োগবিধি অনুযায়ী বিভিন্ন স্বশাসিত সংস্থার পরিচালনা পরিষদ বহির্ভূত অন্যান্য যে সকল পদের নিয়োগ/পদোন্নতি প্রদানের দায়িত্ব সরকারের, সেই সকল পদে নিয়োগ/পদোন্নতি;

ঙ. বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদের টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া থাকলে);

চ. কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি দপ্তরের কোনো একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয় ০৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬.১৩-২৭ সংখ্যক পরিপত্রের আলোকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর ৭-৯ গ্রেডের এবং ১০-১২ গ্রেডের পদে 'নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি' নিম্নরূপ গঠন করা হলো:

(১) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর ৭-৯ গ্রেডের পদে 'নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি' নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ১ | সিনিয়র সচিব/সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সভাপতি |
| ২ | যুগ্মসচিব (জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে) | সদস্য |
| ৩ | যুগ্মসচিব (অর্থ বিভাগের প্রতিনিধি হিসেবে) | সদস্য |
| ৪ | দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান | সদস্য |
| ৫ | সংশ্লিষ্ট যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য সচিব |

চলমান পাতা-০২

**কমিটির কার্যপরিধি:**

ক. সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে এ বিভাগের এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বেতন স্কেল এর ৭-৯ গ্রেডের (বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত) পদে সরাসরি নিয়োগ/পদোন্নতি প্রদানের জন্য সুপারিশ প্রদান;

খ. সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে এ বিভাগের এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বেতন স্কেল এর ৭-৯ গ্রেডের পদে টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া থাকলে);

গ. কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেই ক্ষেত্রে সরকারি দপ্তরের কোনো একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

(২) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের এবং এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর এর ১০-১২ গ্রেড (পদ সৃজনকালে ঘোষিত দ্বিতীয় শ্রেণি) পদে 'সরাসরি নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি' নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১ | সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সভাপতি |
| ২ | উপসচিব (জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে) | সদস্য |
| ৩ | উপসচিব (অর্থ বিভাগের প্রতিনিধি হিসেবে) | সদস্য |
| ৪ | দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর পরিচালক পর্যায়ের সংশ্লিষ্ট একজন প্রতিনিধি | সদস্য |
| ৫ | সংশ্লিষ্ট উপসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক. সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বেতন স্কেল এর ১০-১২ গ্রেডের পদে সরাসরি নিয়োগ/পদোন্নতি প্রদানের জন্য সুপারিশ প্রদান;

খ. সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বেতন স্কেল এর ১০-১২ গ্রেডের পদে টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া থাকলে);

গ. কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি দপ্তরের কোনো একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

(গ) জনপ্রশাসন মন্ত্রণালয় ০৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.০৬.০৩৬.১৩-২৬ সংখ্যক পরিপত্রের আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের এবং এর আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর এর ১১-২০ (পূর্বের তৃতীয় ও চতুর্থ শ্রেণি) গ্রেডের পদে 'সরাসরি নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি' নিম্নরূপ গঠন করা হলো:

(১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১১-২০ (পূর্বের তৃতীয় ও চতুর্থ শ্রেণি) গ্রেডের পদে 'সরাসরি নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি' নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ১ | সংশ্লিষ্ট যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সভাপতি |
| ২ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে) | সদস্য |
| ৩ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (অর্থ বিভাগের প্রতিনিধি হিসেবে) | সদস্য |
| ৪ | বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের উপপরিচালক/সহকারী পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৫ | সংশ্লিষ্ট উপসচিব/সিনিয়র সহকারী সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি :**

ক. সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেতন স্কেল এর ১১-২০ গ্রেড পদে (বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বর্হিভূত) সরাসরি নিয়োগ/পদোন্নতি প্রদানের জন্য সুপারিশ প্রদান;

খ. সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেতন স্কেল এর ১১-২০ পদে টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া থাকলে);

চলমান পাতা-০৩

গ. কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি কোনো দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর ১১-২০ (পূর্বের তৃতীয় ও চতুর্থ শ্রেণি) গ্রেডের পদে 'বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি' নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১ | দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর যুগ্মসচিব/সমগ্রেডভুক্ত পদের একজন কর্মকর্তা | সভাপতি |
| ২ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে) | সদস্য |
| ৩ | সংশ্লিষ্ট উপসচিব/সিনিয়র সহকারী সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| ৪ | বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের উপপরিচালক/সহকারী পরিচলক পর্যায়ের একজন প্রতিনিধি (যদি সম্ভব হয়) | সদস্য |
| ৫ | দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর উপপরিচালক বা সমগ্রেডের একজন কর্মকর্তা | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি :**

ক. সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে এ বিভাগের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বেতন স্কেল এর ১১-২০ (বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বর্হিভূত) পদে সরাসরি নিয়োগ/পদোন্নতি প্রদানের জন্য সুপারিশ প্রদান;

খ. সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে এ বিভাগের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বেতন স্কেল এর ১১-২০ গ্রেড পদে টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া থাকলে);

গ. কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি কোনো দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

৩১/০৩/২৪

(সাইফুর রহমান খান)
উপসচিব
ফোন : ০২৫৫১০১২২০
ইমেইল: sas_admin1@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.০৬.০০২.১২-৬৮

তারিখঃ ১৭ চৈত্র ১৪৩০ / ৩১ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রধান (সকল)।
৫) যুগ্মসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) উপসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

৩১/০৩/২৪

(সাইফুর রহমান খান)
উপসচিব